
অধিবেশন ৩

আমাদের বিবিধ পরিচয়

# এক পা এগিয়ে

## বিবৃতি এবং চরিত্র কার্ড - পাকিস্তান/বাংলাদেশ




THE LOCAL
CHANGEMAKERS
COURSE

# বিবৃতি এবং চরিত্র কার্ড
# - পাকিস্তান/বাংলাদেশ

এক পা এগিয়ে অনুশীলনটি (স্থানীয় পরিবর্তনকারীদের কোর্সের অধিবেশন ৩-এ রয়েছে) পরিচালনার জন্য যেসব চরিত্র কার্ড ও বিবৃতির প্রয়োজন হবে সেগুলো সম্পাদনা, মুদ্রণ এবং ব্যবহার করার জন্য কিছু চরিত্র কার্ড এবং বিবৃতি এই নথিতে প্রদান করা হয়েছে।এই কার্ড এবং বিবৃতিগুলি পাকিস্তান এবং বাংলাদেশের প্রেক্ষাপট অনুসারে তৈরি করা হয়েছে।কোন চরিত্র এবং বিবৃতিগুলি ব্যবহার করতে হবে এবং সেগুলিকে আপনার দলটির প্রেক্ষাপট অনুযায়ী মানিয়ে নিতে নিম্নলিখিত নির্দেশিকাটি ব্যবহার করুন।

## বিবৃতিসমূহ

### বিবৃতি বাছাইয়ের জন্য নির্দেশনা

অনুশীলনটি পরিচালনা করতে ১২-১৫ বিবৃতির প্রয়োজন হবে।এখানে প্রায় ৩০টি বিবৃতির একটি তালিকা প্রদান করা হয়েছে যেখান থেকে আপনি দরকারী বিবৃতিগুলো বেছে নিতে পারবেন।
বিবৃতিগুলি নিম্নলিখিত পাঁচটি শ্রেণীতে প্রদান করা হয়েছে:

- সামাজিক সম্মান এবং ব্যক্তিগত আস্থা।
- সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা।
- বস্তুগত মঙ্গল এবং নিরাপত্তা।
- বৈষম্য বা সহিংসতার ঝুঁকি।
- ধর্ম ধারণ ও এর আচারব্রত পালনের স্বাধীনতা।

আপনার প্রেক্ষাপটের জন্য সবচেয়ে বেশি প্রাসঙ্গিক এরকম অন্তত ২টি বিবৃতি প্রতিটি শ্রেণী থেকে বেছে নিন।প্রয়োজনে বিবৃতিগুলো প্রেক্ষাপটের জন্য আরও প্রাসঙ্গিক করতে সম্পাদনা করুন।

| সামাজিক সম্মান এবং ব্যক্তিগত অবস্থান |
|---|
| আপনার ভাষা, ধর্ম ও সংস্কৃতি আপনার সমাজে সমাদৃত। |
| আপনি মনে করেন যে আপনার মতামত গুরুত্বপূর্ণ এবং আপনার আশেপাশের ব্যক্তিরা তা মনোযোগ দিয়ে শুনেন এবং জানতে আগ্রহ প্রকাশ করেন। |
| আপনি জনসমক্ষে কথা বলতে এবং ব্যক্তিগত মতামত প্রকাশ করতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। |
| আপনি অনুভব করেন যে ঘনিষ্ঠজন এবং অন্যান্যরাও আপনার সামর্থ ও সক্ষমতার জন্য আপনাকে শ্রদ্ধা করেন এবং মূল্য দেন। |
| **সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা** |
| পরিবারের জন্য গুরুত্বপূর্ণ ও দামী জিনিসপত্র কেনাকাটার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সাথে আপনি জড়িত। |
| আপনি কারো অনুমতি ছাড়াই বন্ধুদের সাথে দেখা করতে পারেন এবং দূরে বসবাসরত পরিবারের সদস্যের সাথে দেখা করতে ভ্রমণ করতে পারেন। |
| আপনি স্কুলে যেতে পারেন, পড়াশোনা করতে পারেন এবং পছন্দের জীবিকা বেছে নিতে সক্ষম। |
| আপনার পছন্দের মানুষটি ভিন্ন ধর্মের হলেও, তার সাথে প্রণয়ের সম্পর্ক গড়ে তুলতে আপনার কোন বাধা নেই। |
| প্রয়োজন হলে, আশেপাশের মানুষদের নেতিবাচক আচরণের ব্যাপারে ভীত না হয়ে (যেমন সামাজিক নেটওয়ার্ক থেকে বাদ পড়া) আপনি বিবাহবিচ্ছেদ করতে পারেন। |
| আপনি জাতীয় এবং স্থানীয় পর্যায়ের নির্বাচনে ভোট দিতে পারেন। |
| আপনার যে কোন শখ থাকতে পারে, যেকোন খেলাধুলায় অংশগ্রহণ করতে পারেন, অথবা আপনি আপনার পছন্দের চলচিত্র দেখতে পারেন। |
| নিজের শরীর সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারেন - যেমন কয়টি সন্তান নিবেন এবং কখন নিবেন। |

| বস্তুগত মঙ্গল এবং নিরাপত্তা |
|---|
| আপনি এবং আপনার পরিবার প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির সম্মুখীণ নন। |
| অসুস্থতা বা বেকারত্বের ক্ষেত্রে চিকিৎসা, পরিচর্যা এবং সামাজিক সুবিধা পাওয়ার/নিরাপত্তা বলয়ে থাকার পর্যাপ্ত সুযোগ আপনার রয়েছে। |
| সন্তানদের সুস্থভাবে বেড়ে ওঠার জন্য যা প্রয়োজন তা আপনি তাদের দিতে পারেন এবং তাদের ভবিষ্যতের ব্যাপারে আপনি দুশ্চিন্তাগ্রস্থ নন। |
| কোন সমস্যায় পড়লে সাহায্যের জন্য কী করতে হবে এবং কোথায় যেতে হবে তা আপনি জানেন। |
| আপনি মনে করেন যে কর্মজীবনে কাঙ্খিত অগ্রগতি অর্জনে আপনি সক্ষম হবেন। |
| এইচআইভি এবং অন্যান্য যৌনবাহিত রোগ সম্পর্কে যথেষ্ট পরিমাণ তথ্যের সুযোগ আপনার রয়েছে। |
| **বৈষম্য বা সহিংসতার ঝুঁকি** |
| জাতিত্ব, বর্ণ বা ধর্মের কারণে বৈষম্যের শিকার হতে হয়েছে এরকম কখনও আপনি অনুভব করেননি। |
| পুলিশ আপনার পথ রোধ করতে পারে এরকম কোন ভীতি আপনার নেই এবং আপনি কখনও গ্রেপ্তার হননি। |
| আপনি বাড়িতে এবং রাস্তায় নিরাপদ বোধ করেন এবং লাঞ্ছনা, যৌন হয়রানি বা রাস্তায় হয়রানির বিষয়ে আপনি চিন্তিত নন। |
| স্কুলের পাঠ্যপুস্তকগুলি আপনাকে এই ধারণা দেয়/দিয়েছে যে আপনার মতো যারা তারা সমাজের ভাল সদস্য এবং তারা যেকোনো কিছু অর্জন করতে সক্ষম। |
| আপনার ধর্মীয়, জাতিগত বা অন্যান্য পরিচয় গণ মাধ্যমে ইতিবাচকভাবে চিত্রিত করা হয়। |
| নতুন আইডি কার্ড পেতে আপনার কোনো সমস্যা নেই এবং আইডি কার্ড ব্যবহারের কারণে আপনাকে বৈষম্যের শিকার হতে হয় না। |
| **ধর্ম ধারণ এবং এর আচারব্রত পালনের স্বাধীনতা** |
| ঘনিষ্ঠজনদের সাথে এবং সর্বসাধারণ্যে, উভয়ক্ষেত্রেই সবচেয়ে গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব আপনি উদযাপন করতে সক্ষম। |
| তীর্থযাত্রার জন্য, একই বিশ্বাসে বিশ্বাসীদের সাথে দেখা করতে, বা কোন আন্তর্জাতিক সেমিনারে যোগ দিতে আপনি বিদেশ ভ্রমণ করতে পারেন। |
| আপনি প্রকাশ্যে প্রার্থনা করতে পারেন এবং আপনার উপাসনালয়ে যেতে পারেন। |
| আপনি যে ধর্মীয় সম্প্রদায়ের অংশভূক্ত তাদেরকে উপাসনালয় তৈরি বা চালু করতে কর্তৃপক্ষ বা সমাজের অন্যান্য সম্প্রদায়ের পক্ষ থেকে কোন বাধার সম্মুখীণ হতে হয় না। |
| পরিবার, বন্ধুবান্ধব এবং সহকর্মীদের সাথে বিশ্ব ও জীবন নিয়ে আপনার ব্যক্তিগত দর্শন খোলামেলাভাবে আলোচনা করতে পারেন এবং সামাজিক যোগাযোগ মাধ্যমেও এসব বিষয়ে কথা বলতে পারেন কোন নেতিবাচক প্রতিক্রিয়ার ভয় ছাড়াই । |
| আপনি অবাধে আপনার ধর্ম বা বিশ্বাস সম্পর্কে তথ্য খুঁজতে, পড়তে এবং বিনিময় করতে পারেন। |
| অন্য ধর্মে ধর্মান্তরিত হওয়ার কারণে আপনাকে বন্ধু বা সামাজিক মর্যাদা হারাতে হবে না। |

# চরিত্র কার্ড

## চরিত্র বাছাই এবং প্রেক্ষাপটের সাথে মানানসই করার নির্দেশনা

প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য একটি চরিত্র লাগবে।নিচে প্রদত্ত চরিত্রগুলো পাঁচটি শ্রেণীতে বিভক্ত:

- যেসব চরিত্রের সামাজিক, রাজনৈতিক বা ধর্মীয় ক্ষমতা এবং/অথবা অপেক্ষাকৃত কম দুর্বলতা রয়েছে।
- যেসব চরিত্রের ধর্ম/বিশ্বাস এবং লিঙ্গ বা জেন্ডার সম্পর্কিত দুর্বলতা রয়েছে।
- যেসব চরিত্রের ধর্মীয় বা বিশ্বাসকেন্দ্রিক পরিচয় সম্পর্কিত দুর্বলতা রয়েছে।
- যেসব চরিত্রের জাত, শ্রেণী, অভিবাসী অবস্থা বা অন্যান্য বিষয়ের সাথে সম্পর্কিত দুর্বলতা রয়েছে।
- অন্যান্য চরিত্র।

**চরিত্র যুক্ত করুন অথবা বাদ দিন**

প্রদত্ত চরিত্রসমূহের তালিকা সম্পর্কে চিন্তা করুন:

- কোন চরিত্র কি আপনার প্রেক্ষাপটের জন্য অপ্রাসঙ্গিক - তাহলে এগুলি মুছে ফেলুন বা প্রাসঙ্গিক করতে সম্পাদনা করুন।
- আপনার প্রেক্ষাপটের জন্য গুরুত্বপূর্ণ কোন চরিত্র কি এই তালিকায় অনুপস্থিত - যেমন কোন বিশেষ ধর্মের, জাতিত্বের বা সামাজিক গোষ্ঠীর একজন ব্যক্তি? তাহলে চরিত্র(গুলি) যোগ করুন তবে তাদের বিবরণ সংক্ষিপ্ত রাখুন। (বিদ্র: অনেক বেশি চরিত্র যুক্ত করবেন না! আপনার দলটিতে অংশগ্রহণকারীদের সংখ্যা অনেক বেশি না হলে, দলের আকারের সাথে সামঞ্জস্য রেখে কিছু চরিত্র বাদ দিতে হতে পারে।)

**চরিত্র বেছে নিন**

- প্রতিটি শ্রেণী থেকে চরিত্র অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা তা নিশ্চিত করুন।
- বাছাইকৃত প্রতি ছয়টি চরিত্রের মধ্যে একটির বেশি চরিত্র যেন ক্ষমতা শ্রেণী থেকে নেয়া না হয়।
- আপনার প্রেক্ষাপটের ক্ষেত্রে প্রাসঙ্গিক এবং তুলে ধরা গুরুত্বপূর্ণ এমন দুর্বলতাগুলির উপর ভিত্তি করে অন্যান্য শ্রেণীগুলো থেকে কতগুলি/কোন চরিত্র নির্বাচন করতে হবে তা নির্ধারণ করুন।
- ধর্মীয়/বিশ্বাসকেন্দ্রিক পরিচয়সমূহ অন্তর্ভূক্ত করুন এবং নির্বাচিত চরিত্রগুলিতে পুরুষ ও নারী চরিত্রের সংখ্যায় ভারসাম্য নিশ্চিত করুন।

**চরিত্রগুলোকে ইচ্ছে মতো বদলে নিন**

জাতীয় প্রেক্ষাপটের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে চরিত্রগুলিকে সাজানো হলে অংশগ্রহণকারীরা চরিত্রগুলির সাথে আরও বেশি সংযোগ স্থাপন করতে সক্ষম হবেন।যেমন, কোন একটি চরিত্রের (কাল্পনিক) বাসস্থানের ঠিকানা এবং যে রাষ্ট্রীয় সংস্থার জন্য সে কাজ করে সেটার নাম উল্লেখ করা হলে ভালো হবে এবং সেজন্য আপনাকে চরিত্রটিকে সম্পাদনা করতে হবে।তবে অনুশীলনটি পরিচালনার জন্য এই অতিরিক্ত কাজটি অপরিহার্য নয়।

## শ্রেণী

ক্ষমতাসম্পন্ন চরিত্র এবং/অথবা
তুলনামূলকভাবে কম দুর্বল।

আপনি সংখ্যাগরিষ্ঠ ধর্মীয় সম্প্রদায়ের
একজন সুপরিচিত,সম্মানিত
এবং প্রভাবশালী নেতা।

আপনি রাজধানীতে অবস্থিত উন্নয়নমূলক একটি এনজিওতে
কর্মরত একজন পশ্চিমা নারী।

আপনি একটি ছোট শহরের স্থানীয় মাদ্রাসার শিক্ষক।

আপনি একজন ধর্মপ্রাণ, মধ্যবিত্ত মুসলমান যিনি
তথ্য-প্রযুক্তি সম্পর্কিত ভালো চাকরিতে নিয়োজিত।

আপনি সরকারী দলের প্রতিনিধিত্বকারী
একজন সংসদ সদস্য।

আপনি একজন উচ্চপদস্থ
সেনা কর্মকর্তা।

## শ্রেণী

ধর্ম ও লিঙ্গ/জেন্ডার সম্পর্কিত নানাবিধ
দূর্বলতাসম্পন্ন চরিত্র।

আপনি একজন মুসলিম নারী
যাকে প্রায়ই স্বামীর হাতে
মারাত্মক মারধরের শিকার হতে হয়।

আপনি একজন খ্রিস্টান নারী
যাকে প্রায়ই স্বামীর হাতে
মারাত্মক মারধরের শিকার হতে হয়।

আপনি একজন ১৬ বছর বয়সী মুসলিম মেয়ে।
আপনার বাবা-মা ধর্মপ্রাণ এবং রক্ষণশীল।
আপনি একটি ছোট শহরে বসবাস করেন।
আপনি বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতে চান এবং
অল্প বয়সে বিয়ে করতে চান না।

আপনি একজন ১৬ বছর বয়সী হিন্দু মেয়ে।
আপনার বাবা-মা ধর্মপ্রাণ এবং রক্ষণশীল।
আপনি একটি ছোট শহরে বসবাস করেন।
আপনি বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতে চান এবং
অল্প বয়সে বিয়ে করতে চান না।

আপনি একজন স্বামী-বঞ্চিতা বেকার মা
যিনি নৈতিকভাবে রক্ষণশীল শিখ সমাজে
বসবাস করেন।

আপনি একটি ধর্মপ্রাণ খ্রিস্টান পরিবারের
একজন ১৭ বছর বয়সী ছেলে
যিনি প্রথমবারের মতো প্রেমে পড়েছেন।

আপনি একজন হিন্দু, দলিত নারী।
আপনি বিবাহিতা এবং দুই সন্তানের জননী।
আপনার স্বামী ধর্মান্তরিত হয়ে ইসলাম ধর্ম গ্রহণ করেছে।

আপনি একজন মুসলিম হিজড়া নারী (অথবা পুরুষ যার যৌন-
অভিমুখিতা নারীকেন্দ্রিক)।
আপনার পরিবারের কাছে এই বিষয়টি আপনি প্রকাশ করতে চান।

## শ্রেণী

ধর্মীয় বা বিশ্বাসকেন্দ্রিক পরিচয় নিয়ে যেসব চরিত্রের দুর্বলতা রয়েছে।

আপনি একজন দলিত নারী যিনি ধর্মান্তরিত হয়ে
খ্রিস্টান থেকে ইসলাম ধর্ম গ্রহণ করেছেন।

আপনি একজন যুবক যিনি গোপনে ধর্মান্তরিত হয়ে
ইসলাম থেকে খ্রিস্টান ধর্ম গ্রহণ করেছেন।

আপনি একটা ছোট গ্রামের হিন্দু পুরোহিত।

আপনি আহমদিয়া সম্প্রদায়ের একজন যুবতী
আপনি একটি ছোট ব্যবসা চালান।

আপনি একজন আদিবাসী নারী
এবং আপনি ঐতিহ্যগত, উপজাতীয় ধর্ম পালন করেন।

আপনি একজন নাস্তিক মানুষ।
একটি ফেসবুক পোস্টের মাধ্যমে
আপনার মতামত প্রকাশ হয়ে গেছে।

আপনি একজন বিহারি/হাজারা শিয়া
যাকে কর্মসংস্থান এবং বাসস্থান খুঁজে পেতে
অনেক সংগ্রাম করতে হচ্ছে।

আপনি রাজধানীতে বসবাসকারী

একজন বৌদ্ধ ধর্মাবলম্বী মধ্যবয়সী নারী।

## শ্রেণী

জাত, শ্রেণী, অভিবাসী অবস্থা বা
অন্যান্য বিষয়ের সাথে সম্পর্কিত
দুর্বলতাসম্পন্ন চরিত্র।

আপনি একজন তপশিলী খ্রিস্টান
এবং তিন সন্তানের বিধবা মা।
আপনি গ্রাম এলাকার একজন দিনমজুর শ্রমিক।

আপনি করাচি/ঢাকার রাস্তায় বাস করা
১২ বছর বয়সী একটি ছেলে।

আপনি গ্রামে বসবাসরত একজন বয়স্ক,
প্রতিবন্ধী।
আপনার ছেলে তার পরিবারের সাথে
একটি বড় শহরে চলে যাচ্ছেন।

আপনি হিন্দু নারী ও তিন সন্তানের জননী।
বন্যা অথবা ভূমি-দখলের কারণে আপনাকে
আপনার বাড়ি ছেড়ে
যেতে বাধ্য হতে হয়েছে।

আপনি একজন মুসলিম পুরুষ এবং
শিক্ষাবঞ্চিত দিনমজুর।
যে ছোট শহরে আপনি বসবাস করেন
সেখানে থাকার জন্য
কোন নির্দিষ্ট ঠিকানা আপনার নেই।

আপনি আফগানিস্তান/মিয়ানমারের একজন উদ্বাস্তু মেয়ে।
আপনি স্কুলে যেতে চান কিন্তু পরিচয় পত্রের
অভাবে স্কুলে ভর্তি হতে পারছেন না।

## শ্রেণী

অন্যান্য চরিত্রসমূহ।

আপনি একটি দারিদ্র পীড়িত জেলায়
বসবাসকারী একজন যুবক।
আপনি জামায়াত-ই-ইসলামী বাংলাদেশ/তাহরীক-ই-তালেবান পাকিস্তানের
সাথে সক্রিয়ভাবে জড়িত।

আপনি ইটের ভাটায় কর্মরত একজন মুসলিম শ্রমিক।
আপনি সম্প্রতি ধর্মদ্রোহিতার গুজব শুনে একটি সহিংস বিক্ষোভে অংশ নিয়েছেন।

(এখানে অতিরিক্ত চরিত্র যোগ করুন।)

(এখানে অতিরিক্ত চরিত্র যোগ করুন।)

(এখানে অতিরিক্ত চরিত্র যোগ করুন।)

(এখানে অতিরিক্ত চরিত্র যোগ করুন।)

(এখানে অতিরিক্ত চরিত্র যোগ করুন।)